কৃষিই সমৃদ্ধি

রেজিঃ/এডি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
খামারবাড়ি, ঢাকা।
www.cdb.gov.bd

" অফিস আদেশ "

নং- তাং-

বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন/মুক্তিযোদ্ধা সনদ যাচাই প্রতিবেদন/এতিম ও শারিরীক প্রতিবন্ধী সনদ যাচাই প্রতিবেদন/আনসার ভিডিপি সনদ যাচাই প্রতিবেদন/উপজাতি সনদ যাচাই প্রতিবেদন প্রাপ্তির প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতে **"ষ্টেনো টাইপিষ্ট-কাম-কম্পিউটার অপারেটর"** পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল টাঃ ১০২০০-২৪৬৮০/- ও সরকারী নিয়মানুযায়ী প্রদেয় ভাতাদিসহ শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো এবং তার নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে পদায়ন করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল	কোটা
১.	মোঃ কামাল উদ্দিন পিতাঃ- মৃত ছফেল উদ্দিন মাতুব্বর মাতাঃ-সাহেরা খাতুন	গ্রামঃ-লক্ষীপুর পোঃ- ছিলারচর-৭৯০০ উপজেলাঃ-মাদারীপুর জেলাঃ-মাদারীপুর।	তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তর, খামারবাড়ি ঢাকা।	সাধারণ জেলা কোটা

শর্তাবলী ঃ

১। চাকুরীতে যোগদানকালে নিয়মানুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে।

২। তাকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তাকে চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হয় তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরী হতে অপসারণ করতে পারবেন। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হওয়ার পর তার চাকুরী নিয়মিত করা হবে।

৩। যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে।

৫। এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা পাবেন না।

যদি উপরের শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে আগামী ০২/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নহেন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(ড.মোঃ ফরিদ উদ্দিন)
নির্বাহী পরিচালক
তুলা উন্নয়ন বোর্ড
ফোন-৯১৩৪৭৭৮।
E-mail:ed@cdb.gov.bd

স্মারক নং- ১২.০৭.০০০০.১০১.১১.০০২.২০১৫- ৮৯৭ তারিখ ঃ ২০-০৪-১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিভিল সার্জন, ঢাকা।
৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
৪। আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা। তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট (www.cdb.gov.bd) এ নিয়োগপত্র প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। জনাব মোঃ কামাল উদ্দিন, পিতা-মৃত ছফেল উদ্দিন মাতুব্বর, গ্রাম-লক্ষীপুর, পোঃ-ছিলারচর-৭৯০০, উপজেলা-মাদারীপুর, জেলা-মাদারীপুর।
৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, গবেষণা)। মহোদয়ের সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
৭। ব্যক্তিগত নথি।

নির্বাহী পরিচালক 20.04.17
তুলা উন্নয়ন বোর্ড
২০/৪/১৭

R/Posting-2014/16